

জেএমবি'র আত্মঘাতী হামলাকারীদের শ্রেফতার ও বোমা উদ্ধার তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে ব্যাব পুলিশ ও গোয়েন্দা সদস্যদের ৩ ঘণ্টা ব্যর্থ অভিযান

স্টাফ রিপোর্টার : আত্মঘাতী হামলাকারী শ্রেফতার ও বোমা উদ্ধারের অভিযান ব্যর্থ হয়েছে ব্যাব পুলিশ ও গোয়েন্দা সংস্থার। একটি গোয়েন্দা সংস্থার দেয়া তথ্যের ভিত্তিতে গভকাল, রাজধানীর তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটের লতিফ ছাত্রাবাসে সন্ধান অভিযান চালানো হয়। দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত তিনঘণ্টাব্যাপী এ অভিযানে সন্দেহজনক এক ছাত্রকে শ্রেফতার ও একটি কক্ষ থেকে নগদ ৪০ হাজার টাকা উদ্ধার করা হয়। শ্রেফতারকৃতের ব্যাপারে ব্যাব পুলিশ বা গোয়েন্দা সংস্থার সদস্যরা কোন তথ্য দিতে অস্বীকার করেন। পলিটেকনিক ইনস্টিটিউটে জেএমবি'র আত্মঘাতী হামলাকারীদের সদস্যরা বড় ধরনের নাশকতার উদ্দেশে আত্মগোপন করে আছে গোয়েন্দা সংস্থার দেয়া এমন তথ্যের ভিত্তিতে এ অভিযান চালানো হয় বলে তেজগাঁও জেলের এমি জানান। প্রত্যক্ষদর্শী ও পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্ররা জানান, বেলা দেড়টার দিকে সশস্ত্র ৪ প্রাইম পুলিশ আকস্মিকভাবে কলেজের ভিতরে ও বাইরে অবস্থান নেয়। এসময় পুলিশের সাথে প্রবেশ করে বিপুলসংখ্যক ব্যাব সদস্য। এছাড়া সাদা পোশাকে বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা ক্যাম্পাসে প্রবেশ করে। তারা কলেজের প্রধান ফটক বন্ধ করে

দিয়ে ইনস্টিটিউটের ছাত্র-শিক্ষক ও কর্মচারীদেরকে অবরুদ্ধ করে রাখে। ব্যাব সদস্যরা ইনস্টিটিউটের লতিফ হল উদ্দেশ্যে জনা এর ভিতরে প্রবেশ করে কলাপনিবল গেট বন্ধ করে দেয়। এসময় হলের ছাত্রদের নিম্ন নিম্ন কক্ষ থেকে বের হতে নিষেধ করা হয়। ব্যাব ও গোয়েন্দা সদস্যরা হলের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তলার ৩শ' কক্ষে তদার্কী চালায়। এসময় তারা মেটাল ডিটেক্টর দিয়ে ছাত্রদের কাপড় ও বেডিং পরীক্ষা করে। তদার্কীকালে পুরো ইনস্টিটিউটে এক জীভিকর অবস্থার সৃষ্টি হয়। ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তারা এদিক-ওদিক ছুটোছুটি করতে থাকে। অভিযানে লতিফ হল থেকে কোন বোমা বা বোমা তৈরীর সরঞ্জাম উদ্ধার হয়নি। সন্দেহজনক এক ছাত্রকে আটক করা হলেও তার ব্যাপারে কোন তথ্য জানাতে পারেনি ব্যাব পুলিশ বা গোয়েন্দা সংস্থার সদস্যরা। এ ব্যাপারে ব্যাব-১-এ যোগাযোগ করা হলে একজন সিনিয়র এএসপি বলেন, গোয়েন্দা সংস্থার তথ্যের ভিত্তিতে আমরা তদার্কী অভিযান চালাই। কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেয়া হয়েছে। তবে শ্রেফতার করা হয়নি। তিনি জানান, তদার্কীকালে লতিফ ছাত্রাবাসে কোন বিস্ফোরক বা বোমা তৈরীর সরঞ্জামও পাওয়া যায়নি। ডিএমপি পশ্চিম বিভাগের এমি এ অভিযান প্রসঙ্গে বলেন, সরকারের একটি গোয়েন্দা সংস্থার দেয়া তথ্যমতে, পলিটেকনিক ইনস্টিটিউটে জেএমবি'র সদস্যরা আত্মগোপন করে আছে। তারা সেখানে থেকে বড় ধরনের কোন নাশকতা ঘটানোর প্রতীতি নিচ্ছে। সেই তথ্যের ভিত্তিতেই আকস্মিক এ তদার্কী অভিযান চালানো হয়। অভিযানে একটি কক্ষ থেকে নগদ ৪০ হাজার টাকা উদ্ধারের কথা তিনি অনেছেন বলে জানান। তবে কেউ শ্রেফতার হয়েছে কিনা সে ব্যাপারে কিছুই জানাতে পারেননি। লতিফ ছাত্রাবাসের ছাত্ররা অভিযোগ করে বলেন, তদার্কীকালে তাদেরকে ব্যাব ও গোয়েন্দা সদস্যরা ধাক্কাধাক্কিসহ বিভিন্নভাবে নাজেহাল করেছে। পলিটেকনিকের শিক্ষক আব্দুল বাতেন জানান, অভিযানের আগে কর্তৃপক্ষের কাছে থেকে কোন অনুমতি নেয়া হয়নি। অভিযানের সময়ও তারা জানতেন না কি হতে পারে।